# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৬৭

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ ইসলামের প্রথম যুগে স্ত্রী মিলনের পর বীর্যপাত না হলে, গোসল ছাড়া যা করা জরুরী ছিল

ذِكْرُ مَا كَانَ عَلَى مَنْ أَكْسَلَ فِي أَوَّلِ الْإِسْلَامِ سِوَى الِاغْتِسَالِ مِنَ الْجَنَابَةِ

আরবী

1167 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي عَوْنٍ الرَّيَّانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ رَبِّهِ قَالَ: حَدَّثَنَا عَبْدَةُ بْنُ سُلَيْمَانَ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ أَبِي أَيُّوبَ الْأَنْصَارِيِّ عَنْ أُبَيِّ بْنِ كَعْبٍ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: قُلْتُ: أَرَأَيْت أَحَدَنَا إِذَا جَامَعَ الْمَرْأَةَ فأكْسَلَ وَلَمْ يُمْنِ؟ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لِيَغْسِلْ ذَكَرَهُ وأُنْثَيَيْهِ وَلْيَتَوَضَّأْ ثُمَّ لِيُصَلِّ)

الراوي : أُبَيُّ بْنُ كَعْبٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1167 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১১৬৭. উবাই বিন কা‘ব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি বললাম, “আপনার কী অভিমত, যখন কোন ব্যক্তি তার স্ত্রীর সাথে মিলন করে, কিন্তু বীর্যপাত না হলে (তার বিধান কী, তাকে গোসল করতে হবে কী)?” জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “সে যেন তার পুরুষাঙ্গ ও অণ্ডকোষ ধুয়ে নেয় এবং ওযূ করে তারপর সালাত আদায় করে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/১১৩; সহীহ বুখারী: ২৯৩; সুনান বাইহাকী: ১/১৬৪; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/৩৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৯৫৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৯০; সহীহ মুসলিম: ৩৪৬; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/৫৪।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ১১৬৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উবাই ইবনু কা‘ব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90480

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন